

বাংলাদে-
শের দল
ঘোষণা
প্রথম টেস্টে
নাজমুল

৩-এর পাতায় দেখুন

# দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

ইরানে
হামলা
স্থগিত
করতে
বাধ্য হলেন
ট্রাম্প

২-এর পাতায় দেখুন



রেজি ঃ ডিএ-৬১৭৬ ॥ বর্ষ-১১ ॥ সংখ্যা-২৭ ॥ ঢাকা সোমবার ২৭ জুলাই ২০২৬ ইং ॥ ১২ শ্রাবণ ১৪৩৩ বাংলা ॥ ১২ সফর ১৪৪৮ ॥ পৃষ্ঠা : ৮ ॥ মূল্য- ৫.০০ টাকা


## বঙ্গভবন ছাড়লেন সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন

**স্টাফ রিপোর্টার :** পদত্যাগের দুদিন পর রাষ্ট্রপতির সরকারি বাসভবন বঙ্গভবন ছাড়লেন দেশের ২২তম রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চুপ্পু।

রোববার (২৬ জুলাই) দুপুর ২টা ২৫ মিনিটে তিনি বঙ্গভবন ছেড়ে রাজধানীর গুলশানে নিজ বাসভবন গ্রিন ভিলার উদ্দেশে রওনা হন।

এর আগে গত ২৪ জুলাই রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন মো. সাহাবুদ্দিন চুপ্পু।

সংবিধান অনুযায়ী তিনি পাঁচ বছরের জন্য রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হলেও দায়িত্ব পালন করেন তিন বছর তিন মাস।

রাষ্ট্রপতির দায়িত্ব পালনকালে তিনি বিভিন্ন সাংবিধানিক দায়িত্ব পালন ছাড়াও রাষ্ট্রীয় নানা কর্মসূচিতে অংশ নেন। পদত্যাগের মাধ্যমে তার রাষ্ট্রপতি হিসেবে দায়িত্বের আনুষ্ঠানিক সমাপ্তি ঘটে।

রোববার বঙ্গভবন ছাড়ার মধ্য দিয়ে শেষ হয় তার সরকারি বাসভবনে অবস্থানও।

উল্লেখ্য, মো. সাহাবুদ্দিন চুপ্পু ছিলেন বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি।

তিনি ২০২৩ সালের ২৪ এপ্রিল দায়িত্বভার গ্রহণ করেন এবং ২০২৬ সালের ২৪ জুলাই পদত্যাগ করেন। পরে জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদকে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়।



প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল ঢাকা সেনানিবাসে সেনাবাহিনী সদর দপ্তরে আয়োজিত 'সেনাসদর নির্বাচনী পর্ষদ-২০২৬' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন।

# সেনাবাহিনীতে পদোন্নতিতে যোগ্যতা ও নেতৃত্বগুণকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার :** সেনাবাহিনীতে পদোন্নতির ক্ষেত্রে রাজনৈতিক বিবেচনার ঊর্ধ্বে উঠে মেধা, পেশাগত যোগ্যতা ও নেতৃত্বের গুণাবলিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। গতকাল রোববার ঢাকা সেনানিবাসে 'সেনা সদর নির্বাচনি পর্ষদের' সভার আনুষ্ঠানিক উদ্বোধন করে তিনি এ আহ্বান জানান। এই পর্ষদ সেনাবাহিনীর নির্দিষ্ট পদমর্যাদার (যেমন কর্নেল ও লেফটেন্যান্ট কর্নেল) কর্মকর্তাদের পেশাগত দক্ষতা, সার্ভিস রেকর্ড ও অন্যান্য যোগ্যতা যাচাই করে পদোন্নতির বিষয়ে সুপারিশ করবে। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব জাহিদুল ইসলাম রনি জানান, এই সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারপ্রধান। ঊর্ধ্বতন সেনা কর্মকর্তাদের উদ্দেশে তিনি 'দিক নির্দেশনামূলক' বক্তব্য দেন। প্রধানমন্ত্রী বলেন, "একটি পেশাদার ও আধুনিক সেনাবাহিনী গড়ে তুলতে পদোন্নতির ক্ষেত্রে ব্যক্তিগত পছন্দ-অপছন্দ বা রাজনৈতিক বিবেচনার ঊর্ধ্বে উঠে মেধা, পেশাগত যোগ্যতা, সততা, চারিত্রিক দৃঢ়তা, নেতৃত্বের গুণাবলি ও শৃঙ্খলাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।" দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সেনাবাহিনীর ভূমিকার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, "জাতীয় নিরাপত্তার পাশাপাশি অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা বজায় রাখা, দুর্যোগ মোকাবিলা এবং বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদানে সেনাবাহিনী গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।" এ ভূমিকার জন্য সেনাপ্রধানসহ বাহিনীর সব সদস্যকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। বক্তব্যের শুরুতে প্রধানমন্ত্রী বাংলাদেশ সেনাবাহি-নীর আধুনিকায়ন ও পুনর্গঠনে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অবদান গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। একই সঙ্গে মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহীদ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং দেশের সশস্ত্র বাহিনীর সদস্যদের অবদান কৃতজ্ঞতার (শেষের পাতায় দেখুন)

# জাতীয় স্মৃতিসৌধ, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির শ্রদ্ধা

**স্টাফ রিপোর্টার :** সাভারের জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি বীর মুক্তিযোদ্ধা হাফিজউদ্দিন আহমেদ বীর বিক্রম।

রোববার (২৬ জুলাই) বেলা সাড়ে ১১টায় সাভারের জাতীয় স্মৃতিসৌধে উপস্থিত হয়ে শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তিনি এই শ্রদ্ধা জানান।

স্মৃতিসৌধের বেদীতে পুষ্পস্তবক অর্পণের পর বাংলাদেশ সেনা, নৌ ও বিমানড়তিন বাহিনীর পক্ষ থেকে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতিকে সশস্ত্র সালাম প্রদান করা হয়। এ সময় বীর শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন তিনি। শ্রদ্ধা নিবেদন পর্ব শেষ করে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজউদ্দিন আহমেদ জাতীয় স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন।



ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম গতকাল ঢাকায় জিয়া উদ্যানে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে মোনাজাত করেন।

**শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির শ্রদ্ধা**

ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও মরহুমা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা ও দোয়া নিবেদন করেছেন। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও মরহুমা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা (শেষের পাতায় দেখুন)

## রাষ্ট্রপতি নির্বাচন: তফসিল নিয়ে স্পিকারের সাক্ষাৎ চাইবে ইসি

**স্টাফ রিপোর্টার :** রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল নিয়ে আলোচনার জন্য স্পিকারের কাছে সময় চাইবে নির্বাচন কমিশন (ইসি)।

রোববার (২৬ জুলাই) নির্বাচন ভবনে এক বৈঠক শেষে ইসি সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ কথা বলেন।

তিনি বলেন, নিয়ম অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার আগে স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করেন সিইসি। সেই মোতাবেক ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন সিইসি এএমএম নাসির উদ্দিন।

এর আগে সিইসির দপ্তরে সব নির্বাচন কমিশনার ও ইসি সচিব বৈঠক করেন। এতে রাষ্ট্রপতি নির্বাচনের আইনি দিক নিয়ে পর্যালোচনা করা হয়।

আইন অনুযায়ী, সংসদ সদস্যদের ভোটে রাষ্ট্রপতি নির্বাচন হয়। এজন্য সংসদ সচিবালয় সংসদ সদস্যদের (শেষের পাতায় দেখুন)

# আদালতে রাষ্ট্রপতির বিরুদ্ধে মামলা করা যায় না: স্বরাষ্ট্রমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** সাবেক রাষ্ট্রপ্রতি মো. সাহাবুদ্দিন প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ফৌজদারি অপরাধ বা অন্য বিষয়ে আদালতে রাষ্ট্রপ্রতির বিরুদ্ধে মামলা করা যায় না।

তিনি বলেন, তিনি সাংবিধানিকভাবে দায়িত্ব পালন করেছিলেন।

এর বাইরে যদি কেউ বক্তব্য দিয়ে থাকেন, সেই স্বাধীনতা তাদের আছে। দিতে পারেন।

কিন্তু আমলে নেওয়ার মতো কিছু দেখি না। রোববার (২৬ জুলাই) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে পুলিশের সাহসিকতা ও প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ পুরস্কার ও সম্মাননা দেওয়া অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা করেন।




হমদ বলেন, রাষ্ট্রপতির দায়িত্ব পালনকালে স্বৈরাচারের শেষ দিকে, অন্তর্বর্তী সরকারের পুরোটা এবং বর্তমান রাজনৈতিক সরকারের সময়ে তিনি বিধিবিধান ও সংবিধান অনুসারে দায়িত্ব পালন করেছেন। আমরা রাষ্ট্রপতির সহযোগিতা পেয়েছি। সংবিধান অনুসারে তিনি প্রিভিলেজড, তার ইমিউনিটি আছে। তিনি আরও বলেন, ফৌজদারি অপরাধ বা অন্য বিষয়ে আদালতে তার বিরুদ্ধে মামলা করা যায় না। এর বাইরে যদি কেউ বক্তব্য দিয়ে থাকেন, সেই স্বাধীনতা তাদের আছে। দিতে পারেন। কিন্তু আমলে নেওয়ার মতো কিছু দেখি না।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শারীরিক অসুস্থতার কারণে রাষ্ট্রপতি পদত্যাগ করেছেন। পদত্যাগপত্রে বিস্তারিত উল্লেখ করা হয়েছে। (শেষের পাতায় দেখুন)

## প্রধানমন্ত্রীর চীন সফরে দুই দেশের কৌশলগত সহযোগিতার নতুন ক্ষেত্র তৈরি হয়েছে

----- অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** প্রধানমন্ত্রী তারেক রহমানের 'সবার আগে বাংলাদেশ' নীতির আলোকে চীনের সঙ্গে বাংলাদেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আগামী দিনে আরও গভীর, বিস্তৃত ও ফলপ্রসূ হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা অধ্যাপক রাশেদ আল মাহমুদ তিতুমীর।

তিনি বলেন, প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চীন সফরের মাধ্যমে ঢাকা-বেইজিং সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে।

একইসঙ্গে নতুন যুগে অভিন্ন ভবিষ্যতের বাংলাদেশ-চীন কমিউনিটি গঠনের ঘোষণা দুই দেশের সহযোগিতার ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে।

রোববার (২৬ জুলাই) নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ-চীন সম্পর্কবিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন (শেষের পাতায় দেখুন)



# এ অর্থবছরে ৬৩.৪ বিলিয়ন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা : বাণিজ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** চলতি ২০২৬-২৭ অর্থবছরে পণ্য ও সেবা রপ্তানিতে ১৫ শতাংশ প্রবৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করেছে সরকার। এ লক্ষ্য অর্জিত হলে মোট রপ্তানি আয় দাঁড়াবে ৬৩ দশমিক ৪ বিলিয়ন মার্কিন ডলার।

এর মধ্যে পণ্য রপ্তানি থেকে ৫৫ দশমিক ২ বিলিয়ন ডলার এবং সেবা রপ্তানি থেকে ৮ দশমিক ২ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

রোববার (২৬ জুলাই) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ২০২৬-২৭ অর্থবছরের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণবিষয়ক সভা শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির।

বাণিজ্যমন্ত্রী বলেন, গত অর্থবছরে রপ্তানি খাতে প্রত্যাশিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। তবে নতুন সরকারের ব্যবসাবান্ধব বিভিন্ন উদ্যোগ, ব্যবসা পরিচালনার প্রক্রিয়া সহজীকরণ এবং একাধিক দেশের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) নিয়ে আলোচনা অগ্রসর হওয়ায় চলতি অর্থবছরে রপ্তানি ঊর্ধ্বমুখী হবে বলে সরকার আশাবাদী। তিনি জানান, ২০২৫-২৬ অর্থবছরে পণ্য ও সেবা মিলিয়ে ৬৩ দশমিক ৫ বিলিয়ন ডলার রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। এর মধ্যে পণ্য রপ্তানির লক্ষ্য ছিল ৫৫ বিলিয়ন ডলার এবং সেবা রপ্তানির লক্ষ্য ছিল ৮ (শেষের পাতায় দেখুন)

## সাবেক রাষ্ট্রপতি হামিদ-সাহাবুদ্দিনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ

**স্টাফ রিপোর্টার :** বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ ও মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশনে অভিযোগ দায়ের করা হয়েছে। এছাড়া 'কালচারাল ফ্যাসিস্ট' নামে কয়েকজন অভিনেতা-অভিনেত্রীর বিরুদ্ধেও অভিযোগ করা হয়েছে।

রোববার (২৬ জুলাই) পৃথকভাবে এসব অভিযোগ দায়ের করে বাংলাদেশ আজাদ পার্টি ও রাষ্ট্রসংলাপ ফোরাম।

পরে চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেন, অভিযোগগুলো তো আমি পড়ে দেখিনি।

একটা দিয়েছে আজাদ পার্টি। আরেকটা দিয়েছে রাষ্ট্রসংলাপ ফোরাম।

অভিযোগ আমাদের কাছে আসলে আমরা সাধারণত তদন্ত সংস্থার কাছে পাঠিয়ে দিই। এক্ষেত্রেও (শেষের পাতায় দেখুন)

## বাংলাদেশে চীনের সহযোগিতা কোনো ভূ-রাজনৈতিক স্বার্থের ভিত্তিতে নয়: চীনা কূটনীতিক

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশের উন্নয়নে চীনের সহযোগিতা কোনো রাজনৈতিক শর্ত বা ভূ-রাজনৈতিক স্বার্থের ভিত্তিতে পরিচালিত নয় বলে মন্তব্য করেছেন বাংলাদেশে নিযুক্ত চীনা দূতাবাসের সংস্কৃতি বিষয়ক কাউন্সেলর লি শাও ফেং। তিনি বলেন, পারস্পরিক সম্মান, সমতা এবং উভয়ের লাভের নীতির ভিত্তিতেই বাংলাদেশ-চীন সহযোগিতা এগিয়ে যাচ্ছে।

রোববার (২৬ জুলাই) নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত 'বাংলাদেশ-চীন সম্পর্ক: আস্থা বৃদ্ধি ও নতুন দিকনির্দেশনা' শীর্ষক সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

লি শাও ফেং বলেন, চীন বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং নিজস্ব উন্নয়ন পথের প্রতি শ্রদ্ধাশীল।

বাংলাদেশের উন্নয়নে চীনের সহযোগিতা কোনো রাজনৈতিক শর্ত বা ভূ-রাজনৈতিক উদ্দেশ্যের সঙ্গে যুক্ত নয়। বরং দুই দেশের পারস্পরিক আস্থা, সমতা ও অভিন্ন (শেষের পাতায় দেখুন)

## সরকারি দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'র লোগো ব্যবহারের নির্দেশ

**স্টাফ রিপোর্টার :** দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'র নির্ধারিত লোগো ব্যবহারের নির্দেশনা দিয়েছে সরকার। রোববার (২৬ জুলাই) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশনা প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব, সব মন্ত্রণালয়ের সচিব, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের কাছে পাঠানো হয়েছে। এতে বলা হয়, সরকার গত ২৫ মে থেকে ২০২৭ সালের ২৫ মে পর্যন্ত সময়কে 'নজরুল বর্ষ' হিসেবে ঘোষণা করেছে। এ উপলক্ষে প্রধানমন্ত্রী ২ জুলাই 'নজরুল বর্ষ'র লোগো উন্মোচন করেছেন।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার প্রয়াসে এবং যথাযোগ্য মর্যাদায় 'নজরুল বর্ষ' উদযাপনের অংশ (শেষের পাতায় দেখুন)




# বাংলাদেশকে উদ্ভাবননির্ভর অর্থনীতিতে রূপান্তর করতে চায় সরকার: প্রযুক্তিমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** বিজ্ঞান ও প্রযুক্তি এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম বলেছেন, বাংলাদেশকে শ্রমনির্ভর অর্থনীতি থেকে জ্ঞান ও উদ্ভাবননির্ভর অর্থনীতিতে রূপান্তর করতে চায় সরকার। সে লক্ষ্যেই কৃত্রিম বুদ্ধিমত্তা, উন্নত চিপ ডিজাইন, বায়ো-ইলেকট্রনিক্সসহ উচ্চপ্রযুক্তি খাতের উন্নয়নে কাজ চলছে।

রোববার (২৬ জুলাই) নভোথিয়েটারে দুই দিনব্যাপী ন্যাশনাল সেমিকন্ডাক্টর সিম্পোজিয়াম অ্যান্ড বেয়ার (বিইএআর) সামিট ২০২৬ এর দ্বিতীয় দিনে 'বাংলাদেশ ডিপ-টেক ফিউচার' শীর্ষক আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি বলেন, বাংলাদেশ শুধু প্রযুক্তি ব্যবহারকারী নয়, প্রযুক্তি উদ্ভাবন ও নির্মাতা দেশ হিসেবেও নিজেদের প্রতিষ্ঠিত করবে।

আলোচনায় ভবিষ্যতে প্রযুক্তিপণ্য ও প্রযুক্তিসেবার উদ্ভাবন এবং রপ্তানিতে 'মেইড ইন বাংলাদেশ' ব্র্যান্ডকে গুরুত্ব দেওয়ার (শেষের পাতায় দেখুন)

## এসডিজি জাতীয় প্রচার অনুষ্ঠানে ভারপ্রাপ্ত স্পিকারকে ইউএনওপিএস-এর আনুষ্ঠানিক আমন্ত্রণ

**স্টাফ রিপোর্টার :** জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাতিসংঘের প্রকল্প সেবা কার্যালয় (ইউএনওপিএস)-এর বাংলাদেশ ও ভুটানের কান্ট্রি ম্যানেজার সুধীর মুরালিধরনের নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল।

সাক্ষাৎকালে প্রতিনিধিদল আগামী ৮ আগস্ট ঢাকার মুক্তিযুদ্ধ জাদুঘরে অনুষ্ঠেয় 'এসডিজি স্থানীয়করণ বিষয়ক জাতীয় প্রচার অনুষ্ঠান'-এ প্রধান অতিথি হিসেবে যোগদানের জন্য স্পিকারের কাছে আনুষ্ঠানিক আমন্ত্রণপত্র হস্তান্তর করে। স্পিকার আমন্ত্রণটি সাদরে গ্রহণ করেন এবং অনুষ্ঠানে উপস্থিত থাকার সম্মতি জানিয়ে প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান।

বৈঠকে দেশের নারী উন্নয়নের অগ্রগতি তুলে ধরে ব্যারিস্টার কায়সার কামাল বলেন, বাংলাদেশে নারী শিক্ষা ও রাজনৈতিক ক্ষমতায়নের সুদৃঢ় ভিত্তি স্থাপনে তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম (শেষের পাতায় দেখুন)

# কৃষি-অর্থনীতি পুনর্গঠনে তরুণদের এগিয়ে আসার আহ্বান স্থানীয় সরকারমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার :** দেশের সার্বিক অর্থনীতি পুনর্গঠন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টির চ্যালেঞ্জ মোকাবিলায় নবীন শিক্ষার্থীদের উদ্ভাবনী চিন্তা ও প্রযুক্তিনির্ভর জ্ঞান অর্জনের আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

রোববার (২৬ জুলাই) বেলা ১১টায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) ছাত্র-শিক্ষক অডিটোরিয়ামে আয়োজিত লেভেল-১, সেমিস্টার-১-এর নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।



নিজের ছাত্রজীবনের স্মৃতিচারণ করে মন্ত্রী বলেন, একসময় এ এলাকার চারপাশজুড়ে ছিল সবুজ ফার্ম ও মনোরম প্রাকৃতিক পরিবেশ। সেখান থেকেই 'ফার্মগেট' ও 'কলেজগেট' নামের উৎপত্তি।

সেই ঐতিহ্যবাহী এলাকাতেই গড়ে উঠেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, (শেষের পাতায় দেখুন)

## ৯৮ মামলায় ৯৯ দিন রিমান্ডে ছিলাম: আদালতে পলক

**স্টাফ রিপোর্টার :** শেখ হাসিনা সরকারের সাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, তিনি ৯৮টি মামলায় ৯৯ দিন রিমান্ডে ছিলেন। বর্তমানে প্রতিটি মামলার বিচার চলছে এবং আইসিটি-সংক্রান্ত মামলায় সাক্ষ্যগ্রহণও চলছে।

এ অবস্থায় ১৫ দিনে পরিবারের সদস্যদের সঙ্গে মাত্র আধাঘণ্টা সাক্ষাতের সুযোগ পান বলে তিনি আদালতকে জানান।

রোববার (২৬ জুলাই) জুলাই আন্দোলনকে কেন্দ্র করে রাজধানীর মোহাম্মদপুর থানায় দায়ের করা ট্রাকচালক মো. হোসেন হত্যা মামলার চার্জ শুনানির সময় ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর বিচারক রবিউল আলমের আদালতে তিনি এসব কথা বলেন।

এদিন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসি-না, সাবেক আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকসহ ৩৪ আসামির বিরুদ্ধে চার্জ শুনানির দিন ধার্য ছিল।

# ১৬ বছরে বাংলাদেশ থেকে পাচার হয়েছে ২৩৪ বিলিয়ন ডলার: আইনমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** গত ১৬ বছরে বাংলাদেশ থেকে নথিভুক্ত উপায়ে ২৩৪ বিলিয়ন মার্কিন ডলার অবৈধভাবে বিদেশে পাচার হয়েছে বলে দাবি করেছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান।

রোববার (২৬ জুলাই) সকালে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতি মিলনায়তনে নবীন আইনজীবীদের প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।



বিশ্বখ্যাত সাময়িকী টাইম ম্যাগাজিনের একটি প্রতিবেদন উদ্ধৃত করে আইনমন্ত্রী বলেন, এই বিপুল অর্থ পাচার দেশের অর্থনীতি ও উন্নয়নকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। বিগত সরকারের সময়ে উন্নয়ন প্রকল্পের নামে হাজার হাজার কোটি টাকা লুটপাট করা হয়েছে, যার সুফল দেশের মানুষ পায়নি। দেশের মানুষ এমন এক সময় অতিক্রম করেছে, যখন প্রায় প্রতিটি খাতে দুর্নীতি প্রাতিষ্ঠানিক রূপ নিয়েছিল। উন্নয়ন প্রকল্পের নামে রাষ্ট্রীয় অর্থ লুটপাট করা হয়েছে এবং সেই অর্থ বিদেশে পাচার হয়েছে।

এর ফলে দেশের উন্নয়ন যেমন বাধাগ্রস্ত হয়েছে, তেমনি জনগণের আস্থাও ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি আরও বলেন, টাইম ম্যাগাজিনের প্রতিবেদনে বলা হয়েছে- গত ১৬ বছরে বাংলাদেশ থেকে ডকুমেন্টেড উপায়ে ২৩৪ বিলিয়ন ডলার অবৈধ অর্থ পাচার হয়েছে।

এটি আমার তথ্য নয়, বিশ্বখ্যাত একটি সাময়িকীর প্রকাশিত তথ্য। (শেষের পাতায় দেখুন)




NDF
(Reg. S-9479/09)
Public Media & Human Rights Organization


# দৈনিক নেইবার
আমরা সত্য প্রকাশে বিশ্বাসী
THE DAILY NEIGHBOUR
ঢাকা সোমবার ২৭ জুলাই ২০২৬ ইং ॥ ১২ শ্রাবণ ১৪৩৩ বাংলা

আলহাজ্ব কাজী আমেনা আকবর ফাউন্ডেশন
AL-HAJ KAZI AMENA AKBAR FOUNDATION
Public Media & Human Rights Organization

# মাদকের বিরুদ্ধে আরও কঠোর হচ্ছে সরকার



**স্টাফ রিপোর্টার :** মাদকের ভয়াবহ ছোবল থেকে দেশের তরুণ প্রজন্মকে রক্ষা এবং মাদক কারবারিদের আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ নেটওয়ার্ক গুঁড়িয়ে দিতে নজিরবিহীনভাবে কঠোর অবস্থান নিতে যাচ্ছে সরকার। জানা যায়, দেশে বর্তমানে প্রায় ৮২ লাখ মানুষ বিভিন্ন ধরনের মাদকে আসক্ত, যার একটি বড় অংশই অতি বিপজ্জনক সিনথেটিক ও সেমি-সিনথেটিক মাদকের মরণজালে বন্দি। এই উদ্বেগজনক পরিস্থিতি মোকাবিলায় কেবল প্রথাগত অভিযানের মধ্যে সীমাবদ্ধ না থেকে আইনি কাঠামো, বিচার প্রক্রিয়া এবং মাঠপর্যায়ের অভিযানিক সক্ষমতায় আমূল পরিবর্তন আনা হচ্ছে। এর অংশ হিসেবে মাদক সিন্ডিকেটের সমস্ত প্রতিরোধ ভাঙতে দীর্ঘদিনের নীতিগত বাধা পেরিয়ে অবশেষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের (ডিএনসি) কর্মকর্তাদের হাতে অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র তুলে দিচ্ছে সরকার। একই সঙ্গে বিচারিক গতি বাড়াতে বিশেষ ট্রাইব্যুনাল গঠন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনকে আরও কঠোর করতে চলতি সংসদ অধিবেশনেই সংশোধনী বিল উত্থাপনের চূড়ান্ত প্রস্তুতি চলছে। সংশ্লিষ্টদের মতে, এত দিন কোনো ধরনের আত্মরক্ষামূলক অস্ত্র না থাকায় সম্পূর্ণ নিরস্ত্র অবস্থায় জীবন বাজি রেখে এবং পুলিশের সহযোগিতার ওপর নির্ভর করে মাদকবিরোধী ঝুঁকিপূর্ণ অভিযান পরিচালনা করতে হতো ডিএনসি সদস্যদের। এই দুর্বলতার সুযোগ নিয়ে অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত মাদক কারবারিরা প্রায়ই ডিএনসি সদস্যদের ওপর সশস্ত্র হামলা চালাত। সরকারি তথ্য অনুযায়ী, বিগত বছরগুলোতে মাদকবিরোধী অভিযান পরিচালনাকালে এই নিরস্ত্র কর্মকর্তাদের ওপর আকস্মিক গুলিবর্ষণে ও হামলায় অধিদপ্তরের অন্তত ১২৫ জন সদস্য গুরুতর আহত হয়েছেন এবং দুজন প্রাণ হারিয়েছেন। সমপ্রতি সায়দাবাদ বাস টার্মিনাল এলাকায় অভিযান দিতে গিয়ে মাদকচক্রের গুলিতে পরিদর্শক সিদ্দিকুর রহমানের গুরুতর আহত হওয়ার ঘটনা এই চরম নিরাপত্তাহীনতাকে নতুন করে সামনে নিয়ে আসে। এই পরিস্থিতির অবসান ঘটাতে অবশেষে ডিএনসি কর্মকর্তাদের জন্য ৯ এমএম আধা-স্বয়ংক্রিয় পিস্তল ব্যবহারের চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। ইতোমধ্যে রাজশাহীর সারদা পুলিশ একাডেমিতে বিশেষ ৩৫ দিনব্যাপী প্রশিক্ষণের মাধ্যমে ২৬০ জন কর্মকর্তাকে অস্ত্রচালনায় দক্ষ করে তোলা হয়েছে এবং প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের মাধ্যমে প্রাথমিকভাবে ২৭৫টি পিস্তল কেনার টেন্ডার প্রক্রিয়া শেষ হয়েছে। নিজস্ব সুরক্ষিত অস্ত্রাগার গড়ে না ওঠা পর্যন্ত সাময়িকভাবে এই অস্ত্রগুলো জেলা প্রশাসকের ট্রেজারি বা স্থানীয় থানার অস্ত্রাগারে সংরক্ষিত থাকবে। তবে মাঠপর্যায়ে অস্ত্রের এই ব্যবহারের ক্ষেত্রে সরকার অত্যন্ত কঠোর ও সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করেছে, যেখানে স্পষ্ট করা হয়েছে যে আগ্নেয়াস্ত্র হবে পরিস্থিতি নিয়ন্ত্রণের 'একমাত্র সর্বশেষ পন্থা'। নীতিমালার নির্দেশনা অনুযায়ী, কোনো অভিযানে গিয়ে মাদক কারবারিদের মুখোমুখি হলে প্রথমেই এলোপাথাড়ি গুলি চালানো যাবে না; প্রথমে লাঠিচার্জ বা অস্ত্রের বাঁট দিয়ে ন্যূনতম বলপ্রয়োগের চেষ্টা করতে হবে। তাতে কাজ না হলে হ্যান্ডমাইকে ঘোষণা দিয়ে আকাশের দিকে ফাঁকা গুলি ছুড়তে হবে। এর পরও পরিস্থিতি নিয়ন্ত্রণে না এলে সর্বোচ্চ আত্মরক্ষার্থে এবং আসামি গ্রেফতারের স্বার্থে মাদক কারবারির কোমরের নিচে বা পায়ে সরাসরি একটি গুলি চালানো যাবে। ঘনবসতিপূর্ণ বা আবাসিক এলাকায় নিরপরাধ মানুষের জীবন যেন ঝুঁকিতে না পড়ে, সে বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার পাশাপাশি প্রতিটি গুলিবর্ষণের ঘটনার যৌক্তিকতা পরবর্তী সময়ে মহাপরিচালকের কাছে জবাবদিহি করতে হবে এবং সংশ্লিষ্ট থানায় তাৎক্ষণিক এজাহার দায়ের করতে হবে। এদিকে, সরকারের এই কঠোর অবস্থানের আরেকটি বড় প্রতিফলন ঘটছে বিচার বিভাগে। তথ্য অনুযায়ী, কেবল ঢাকাতেই বর্তমানে প্রায় ৮০ হাজার মাদকসংক্রান্ত মামলা ঝুলে রয়েছে, যা প্রচলিত আদালত ব্যবস্থার মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করা অসম্ভব। এই দীর্ঘসূত্রতা কাটাতে এবং অপরাধীদের দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে সরকার বিশেষ ট্রাইব্যুনাল গঠনের আনুষ্ঠানিক প্রস্তাব পাঠিয়েছে। একই সঙ্গে বর্তমান আইনের সীমাবদ্ধতা দূর করে এটিকে আরও যুগোপযোগী করতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন সংশোধনের কাজ চলছে, যা দ্রুতই আইন আকারে পাস হতে পারে।



জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সঙ্গে ইউএনওপিএস'র বাংলাদেশ ও ভুটানের কান্ট্রি ম্যানেজার সুধীর মুরালিধরনের নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ ।

## সাগরে নিম্নচাপ, বাড়বে ঝড়-বৃষ্টি

**স্টাফ রিপোর্টার :** বঙ্গোপসাগরের লঘুচাপটি প্রথমে সুস্পষ্ট লঘুচাপ, পরে আরও শক্তি সঞ্চয় করে নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে উপকূলে রয়েছে ঝড়ের আশঙ্কা। রোববার (২৬ জুলাই) দুপুরে এমন পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। সহকারী আবহাওয়াবিদ আফরোজা সুলতানা জানিয়েছেন, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি ঘণীভূত হয়ে একই এলাকায় মৌসু-মি নিম্নচাপে পরিণত হয়েছে।

এটি আজ দুপুর ১২টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৪২৫ কিলোমিটার পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৪১৫ কিলোমিটার পশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ২৪৫ কিলোমিটার পশ্চিম-

## জুলাইয়ের ২৫ দিনে রেকর্ড প্রবাসী আয়

**স্টাফ রিপোর্টার :** চলতি ২০২৬-২৭ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ের প্রথম ২৫ দিনেই রেকর্ড ২২৯ কোটি ৯৪ লাখ ৫০ হাজার ডলারের প্রবাসী আয় এসেছে। বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ প্রায় ২৮ হাজার ২২৬ কোটি টাকা (প্রতি ডলার ১২২.৭৫ টাকা হিসাবে)। রোববার (২৬ জুলাই) কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি বছরের জুলাইয়ের ২৫ দিনে অর্জিত এই আয় আগের বছরের একই সময়ের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি। গত ২০২৫-২৬ অর্থবছরের জুলাইয়ের প্রথম ২৫ দিনে প্রবাসীরা পাঠিয়েছিলেন ১৯৯ কোটি ৮২ লাখ ৮২ হাজার ডলার। সে তুলনায় চলতি বছরের একই সময়ে প্রবাসী আয় প্রবৃদ্ধি হয়েছে ১৫ শতাংশ।

ব্যাংকভিত্তিক লেনদেনের চিত্রে দেখা গেছে, প্রবাসীরা সবচেয়ে বেশি অর্থ পাঠিয়েছেন বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে।

## আমিরাতে প্রবাসীদের চ্যালেঞ্জ মোকাবিলায় সহযোগিতা চাইলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) রাষ্ট্রদূত পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। রবিবার (২৬ জুলাই) প্রতিমন্ত্রীর দফতরে সাক্ষাৎকালে উভয় পক্ষ বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় করার লক্ষ্যে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে ফলপ্রসূ আলোচনা করেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী সংযুক্ত আরব আমিরাতে অবস্থানরত বাংলাদেশি প্রবাসীদের বিভিন্ন চ্যালেঞ্জের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন এবং এসব সমস্যা সমাধানে রাষ্ট্রদূতের সহযোগিতা কামনা করেন। তিনি নিরাপদ, সুশৃঙ্খল ও স্বচ্ছ অভিবাসন নিশ্চিত করা এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের কল্যাণ ও বৈধ স্বার্থ সংরক্ষণে বাংলাদেশ সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী পারস্পরিক সুবিধাজনক সময়ে ২০২৬ সালের মধ্যে ঢাকায় দ্বিতীয় বাংলাদেশ-সংযুক্ত আরব আমিরাত যৌথ কনস্যুলার কমিটির সভা আয়োজনের আগ্রহ ব্যক্ত করেন। তিনি আশা প্রকাশ করেন, এ সভায় কনস্যুলার ও অভিবাসন-সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা এবং এ ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার করা সম্ভব হবে। বৈঠকে বাংলাদেশ ও সংযুক্ত



আরব আমিরাতের ক্রমবর্ধমান অর্থনৈতিক অংশীদারত্ব পর্যালোচনা করা হয়। উভয় পক্ষ বাণিজ্য, বিনিয়োগ, জ্বালানি, অবকাঠামো, বন্দর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রে সহযোগিতা আরও সম্প্রসারণের বিষয়ে অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তাঁরা সমন্বিত অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি-সংক্রান্ত আলোচনা দ্রুত এগিয়ে নেওয়ার গুরুত্বের ওপর জোর দেন, যা দুই দেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সহযোগিতার জন্য একটি শক্তিশালী প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তুলবে।






## আজ থেকে শুরু হচ্ছে হজের প্রাথমিক নিবন্ধন

**স্টাফ রিপোর্টার :** আজ ২৭ জুলাই হতে শুরু হচ্ছে ২০২৭ সালের হজের প্রাথমিক নিবন্ধন। এ বছরের ২৪ সেপ্টেম্বর পর্যন্ত চলবে এ নিবন্ধন কার্যক্রম।

এ সময়ের মধ্যেই হজে গমনেচ্ছু ব্যক্তিদের প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত হজ কার্যক্রমের রোডম্যাপ অনুযায়ী এই সময়সূচি ঘোষণা করেছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়।

নিবন্ধনের জন্য প্রয়োজনীয় অর্থ সাড়ে তিন লাখ টাকা জমা দিয়ে সরকারি ও বেসরকারি যেকোনো মাধ্যমে হজের প্রাথমিক নিবন্ধন করা যাবে। প্রাথমিক নিবন্ধিত ব্যক্তিদের চলতি বছরের ১০ ডিসেম্বরের মধ্যে প্যাকেজ মূল্যের অবশিষ্ট অর্থ পরিশোধ করে চূড়ান্ত নিবন্ধন করতে হবে।

প্রাথমিক নিবন্ধনের আগে হজযাত্রীদের আবশ্যিকভাবে ৩০ হাজার টাকা দিয়ে প্রাক-নিবন্ধন করতে হবে। যেসব স্থানে নিবন্ধন করা যাবে সরকারি মাধ্যমে ই-হজ সিস্টেমে (যধলল.মড়া.নফ) ইউজার তৈরি করে যে কেউ নিজেই নিবন্ধন করতে পারবে।

এ ছাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় ও জেলা কার্যালয়, জেলা ও উপজেলা মডেল মসজিদ, ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম অফিস ও ঢাকা হজ অফিসে হজের নিবন্ধন করা যাবে। সরকারি মাধ্যমে হজে গমনেচ্ছু ব্যক্তিদের সোনালী ব্যাংকের যেকোনো শাখায় ভাউচারের মাধ্যমে টাকা জমা দিয়ে প্রাথমিক নিবন্ধন করতে হবে। বেসরকারি মাধ্যমের হজযাত্রীদের হজ কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকে এজেন্সির নির্ধারিত হিসাবে টাকা জমা দিতে হবে। এজেন্সির ব্যাংক হিসাবের তথ্য হজ পোর্টালে সংশ্লিষ্ট এজেন্সির প্রোফাইলে পাওয়া যাবে।

## সেনাবাহিনীতে পদোন্নতিতে

সঙ্গে স্মরণ করেন। তিনি পার্বত্য চট্টগ্রামে দায়িত্ব পালনকালে নিহত সেনা সদস্যদের প্রতিও গভীর শ্রদ্ধা নিবেদন করেন। প্রধানমন্ত্রী সেনাসদরে পৌঁছালে সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান এবং চিফ অব জেনারেল স্টাফ লেফটেন্যান্ট জেনারেল মোহাম্মদ মাইনুর রহমান তাকে স্বাগত জানান। প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল একেএম শামছুল ইসলামসহ ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন। সেনাবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের পাশাপাশি প্রতিরক্ষাসচিব আশরাফ উদ্দিন উপস্থিত ছিলেন সেনা সদর নির্বাচনী পর্ষদের উদ্বোধনী অনুষ্ঠানে। অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী সেনা কর্মকর্তাদের সঙ্গে ছবি তোলেন এবং সেনাবাহিনীর পরিদর্শন বইয়ে সেই করেন।

## জাতীয় স্মৃতিসৌধ

নিবেদন করেছেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। গতকাল রোববার দুপুর ১২টা ৪৬ মিনিটে তিনি রাজধানীর জিয়া উদ্যানে অবস্থিত তাদের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর তিনি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও মরহুমা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রূহের মাগফিরাত ও পরকালীন শান্তি কামনায় দোয়া করেন।

এ সময় মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন, রাষ্ট্রপতির কার্যলয়ের জন বিভাগের সচিব খান মো: নূরুল আমীন, রাষ্ট্রপতির প্রেস সচিব মো: সরওয়ার আলম ও রাষ্ট্রপতির সামরিক সচিব মেজর জেনারেল এ এস এম বাহাউদ্দিন উপস্থিত ছিলেন।

এর আগে, আজ বেলা ১১টা ৪০ মিনিটে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

## আদালতে রাষ্ট্রপতির

তিনি পদত্যাগ করতে চাইলে সেটা করতে পারেন বলে সংবিধানে বিধান আছে। স্পিকার সেটি গ্রহণও করেছেন। এগুলো সব আইনি প্রক্রিয়া।

এখন রাষ্ট্রপতির বিরুদ্ধে যারা গালি দিচ্ছেন, সেই অধিকার তাদের আছে। গণ-অভ্যুত্থান পরবর্তী সময়ে আমরা কী প্রত্যাশা করি? রাজনৈতিকভাবে মানুষের কথা বলার স্বাধীনতা থাকবে। প্রতিবাদ করার স্বাধীনতা থাকবে। এ ছাড়া সাবেক রাষ্ট্রপতি হিসেবে আইন অনুসারে যেসব সুযোগ-সুবিধা পাওয়ার, সেটা তিনি পাবেন।

সালাহউদ্দিন আহমদ বলেন, বিরোধী দলের পক্ষ থেকে এনসিপি ও অন্যরা তার বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করেছে। সেটা করতে পারে। কিন্তু আমরা আমলে নেওয়ার মতো কোনো বক্তব্য সেখানে দেখি না।

## এ অর্থবছরে ৬৩.৪

দশমিক ৫ বিলিয়ন ডলার।

তবে অর্থবছর শেষে মোট রপ্তানি আয় হয়েছে ৫৫ বিলিয়ন ডলার। এর মধ্যে পণ্য রপ্তানি হয়েছে ৪৮ বিলিয়ন ডলার এবং সেবা রপ্তানি ৭ বিলিয়ন ডলারে সীমাবদ্ধ ছিল।

খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, আগের অর্থবছরের তুলনায় গত অর্থবছরে রপ্তানিতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি হয়নি। কয়েক বছর ধরেই রপ্তানি খাতে এক ধরনের স্থবিরতা বিরাজ করছে। তবে চলতি অর্থবছরে সেই অচলাবস্থা কাটিয়ে ওঠা সম্ভব হবে বলে সরকার আশা করছে।

তিনি বলেন, বিশ্বের বিভিন্ন অঞ্চলে চলমান দুটি যুদ্ধ এবং উন্নত দেশগুলোতে ভোগ ও চাহিদার প্রবৃদ্ধি কমে যাওয়ার মতো প্রতিকূলতা থাকা সত্ত্বেও সরকার রপ্তানিমুখী ব্যবসা উৎসাহিত করতে বাজেটে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। ব্যবসা শুরু ও পরিচালনার নানা প্রক্রিয়া সহজ করা হচ্ছে, যাতে ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি হয় এবং এর ইতিবাচক প্রভাব দ্রুত রপ্তানি খাতে প্রতিফলিত হয়।

রপ্তানিকারকদের সহায়তায় সরকার আরও কিছু উদ্যোগ নিতে যাচ্ছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী বলেন, আগামী কয়েক দিনের মধ্যে দক্ষিণ কোরিয়ার সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তির (এফটিএ) আলোচনা সম্পন্ন হওয়ার আশা রয়েছে। এছাড়া সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) সঙ্গেও শিগগিরই এফটিএ চূড়ান্ত হতে পারে।

তিনি জানান, চলতি বছরের ডিসেম্বরের মধ্যে আরও চার থেকে পাঁচটি দেশের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তির আলোচনা শেষ করার লক্ষ্য রয়েছে। একই সঙ্গে বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানি বাজার ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সঙ্গে এফটিএ আলোচনার প্রস্তুতিও চলছে। এ লক্ষ্যে উভয় পক্ষের আলোচক দল ইতোমধ্যে নির্ধারণ করা হয়েছে।

বাণিজ্যমন্ত্রী বলেন, ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি, ব্যবসায়িক প্রক্রিয়া সহজীকরণ এবং সরকারি সহায়তার সমন্বয়ে আগামী দিনে রপ্তানি খাতে ইতিবাচক প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে।

## সাবেক রাষ্ট্রপতি হামিদ

আমার কাছে উপস্থাপিত হলে সেটা আমি তদন্ত সংস্থায় পাঠিয়ে দেব। এর বাইরে আমি কিছু জানি না।

রাষ্ট্রসংলাপ ফোরাম জানায়, সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন (চুপ্পু)-এর বিরুদ্ধে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট অভিযোগ দাখিল করা হয়েছে।

একইসঙ্গে সংগঠনের পক্ষ থেকে দাবি করা হয়েছে, জুলাই গণঅভ্যুত্থান চলাকালে বা সংশ্লিষ্ট সময়ে বিভিন্ন ব্যক্তি ও সাংস্কৃতিক অঙ্গনের কয়েকজনের ভূমিকা আইনানুগভাবে তদন্ত করা হোক। ফেরদৌস আহমেদ, মেহের আফরোজ শাওন, রিয়াজ আহমেদ, অরুণা বিশ্বাস, আনিস আলমগীর, সোমা ইসলাম, মারিয়া কিসপট্টা, পিয়া জান্নাতুল, শান্তা ফারজানা , মোমিন মেহেদী বেশ কিছু ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ আনেন তারা।

## কৃষি-অর্থনীতি পুনর্গঠনে

কৃষি গবেষণার পাশাপাশি এগ্রো-বেসড ইন্ডাস্ট্রি বা কৃষিনির্ভর শিল্পে তরুণদের সম্পৃক্ত হওয়ার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

উত্তর ও দক্ষিণাঞ্চলকে 'এগ্রিকালচার হাব' হিসেবে গড়ে তোলার পরিকল্পনার কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, শুধু প্রচলিত ডিগ্রির ওপর নির্ভর না করে কারিগরি শিক্ষা ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের মাধ্যমে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে।

দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি তুলে ধরে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, গত ১৫ বছরে দেশের অর্থনীতি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং অনেক প্রতিষ্ঠান দুর্বল হয়ে পড়েছে। এসব প্রতিষ্ঠান পুনর্গঠন ও শক্তিশালী করে দেশকে এগিয়ে নেওয়াই এখন সরকারের অন্যতম প্রধান লক্ষ্য।

তিনি বলেন, সরকারপ্রধান তারেক রহমানের নেতৃত্বে একটি সুপরিকল্পিত কর্মপরিকল্পনার আওতায় রাষ্ট্র পুনর্গঠনের কাজ চলছে। অর্থনীতিকে নতুনভাবে সাজিয়ে শিক্ষিত বেকারত্ব কমানো, সৃজনশীল অর্থনীতি (ক্রিয়েটিভ ইকোনমি) গড়ে তোলা এবং দক্ষ জনশক্তিকে বিদেশে কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার উদ্যোগ জোরদার করা হচ্ছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ড. মাহদী আমিন, মাদারীপুর-৩ আসনের সংসদ সদস্য আনিছুর রহমান এবং সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য সানজিদা ইসলাম তুলি।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল লতিফের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য ড. মো. বেলাল হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক মুহাম্মদ আবুল বাশার, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক-শিক্ষিকা এবং নবাগত শিক্ষার্থীরা।

## ১৬ বছরে বাংলাদেশ

অর্থাৎ প্রতি বছর গড়ে প্রায় ১৬ বিলিয়ন ডলার বিদেশে চলে গেছে। এই অর্থ বিভিন্ন দেশের ব্যাংক এবং সম্পদে বাংলাদেশি পরিচয়ে বিনিয়োগ করা হয়েছে।

পিরোজপুরের একটি প্রকল্পের উদাহরণ টেনে আইনমন্ত্রী অভিযোগ করেন, বিগত সরকারের সময়ে শুধু অর্থ পাচারই হয়নি, উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নামেও ব্যাপক অনিয়ম হয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) সাড়ে তিন হাজার কোটি টাকার কাজ কাগজে-কলমে দেখানো হলেও বাস্তবে কোনো কাজ হয়নি। এক ইঞ্চি রাস্তা নির্মাণ হয়নি, এক কেজি রড কিংবা একশ টাকার সিমেন্টও ব্যবহার হয়নি। অথচ কাগজে-কলমে সাড়ে তিন হাজার কোটি টাকার কাজ দেখিয়ে সেই অর্থ লুটপাট করা হয়েছে।

মন্ত্রী আরও বলেন, শুধু একটি প্রকল্প নয়, এ ধরনের অসংখ্য প্রকল্পের অর্থ বিদেশে পাচার হয়েছে। আরও কত কোটি টাকার কাজ যে বেগমপাড়ায় গেছে, বিশ্বের বিভিন্ন দেশে সম্পদ গড়তে ব্যবহার হয়েছে, তার কোনো সঠিক হিসাব নেই।

## ২৪ ঘণ্টায় হাম সন্দেহে

সন্দেহজনক হামে মোট ৭২৫ জন শিশুর মৃত্যু হয়েছে।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি এবং গত ১৫ মার্চ থেকে ২৬ জুলাই পর্যন্ত নিশ্চিত হামে ৯৫ জনের মৃত্যু হয়েছে।

## একরাম হত্যা : হাসিনাসহ

র‍্যাবের সঙ্গে কথিত বন্দুকযুদ্ধে নিহত হন ৪৬ বছর বয়সি একরামুল হক। পরবর্তীতে একরামুলের মেয়ের 'আব্বু তুমি কান্না করতেছ যে...' অডিও রেকর্ড প্রকাশ পেলে তা নিয়ে সারাদেশে সমালোচনার ঝড় ওঠে।

## আদানিকে মাসে ১০০ মিলিয়ন

বিপিডিবির পক্ষ থেকে নিয়মিত অর্থ পরিশোধ করা হচ্ছে। গত মাসেও ১০০ মিলিয়ন ডলার পরিশোধ করা হয়েছে।

গত অর্থবছরের প্রথম প্রান্তিকে আমাদের বকেয়া পাওনা সর্বকালের সর্বোচ্চ পর্যায়ে ছিল। জুন-জুলাই মাসে আমাদেরকে এককালীন একটি বড় অঙ্কের অর্থ পরিশোধ করেছে বিপিডিবি। এটি বাংলাদেশ থেকে আমাদের এই পাওনা উল্লেখযোগ্যভাবে কমাতে দারুণভাবে সাহায্য করেছে। প্রান্তিকভিত্তিক তুলনা করলে বকেয়া পাওনা এখন বেশ ভালোভাবেই কমে এসেছে।

এছাড়া উভয়পক্ষের মধ্যে অমীমাংসিত কিছু বিষয় নিষ্পত্তির লক্ষ্যে সিঙ্গাপুর ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টারের (এসআইএসি) দ্বারস্থ হয়েছে আদানি পাওয়ার। এই প্রক্রিয়ায় নিয়োজিত বিশেষজ্ঞের সঙ্গে কাজ করতে উভয়পক্ষই প্রতিনিধি মনোনীত করেছে এবং এ সংক্রান্ত চুক্তিও স্বাক্ষরিত হয়েছে। চলমান এই প্রক্রিয়ার মাধ্যমে দুই পক্ষের মধ্যে বিরোধপূর্ণ বিষয়গুলোর গ্রহণযোগ্য সমাধান হবে বলে আশা প্রকাশ করছে প্রতিষ্ঠানটি।

## বাংলাদেশকে উদ্ভাবননির্ভর

আহ্বান জানান বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী।

এ সময় সেমিকন্ডাক্টর ও ডিপ-টেক খাতের বিকাশে সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দিয়ে তিনি বলেন, দেশের তরুণরাই এই খাতের নেতৃত্ব দিতে সক্ষম।

উদ্ভাবনী, গবেষণা ও নীতিগত সহায়তায় তরুণদের পাশে থাকবে সরকার। মন্ত্রী ফকির মাহবুব আনাম আরও বলেন, এই বিইএআর সামিট প্রমাণ করেছে যে বাংলাদেশ একা নয়।

শীর্ষস্থানীয় বৈশ্বিক প্রযুক্তি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, শিল্প খাতের নেতৃবৃন্দ, প্রবাসী বাংলাদেশি এবং বিশেষজ্ঞরা আমাদের সঙ্গে যোগ দিচ্ছেন। তাই এটি কেবল একটি সম্মেলন নয়; এটি একটি আন্দোলনের সূচনা।

অনুষ্ঠানে উপস্থিত ব্যবসায়ী নেতাদের উদ্দেশে মন্ত্রী আশ্বাস দিয়ে বলেন, 'বর্তমান সরকার অত্যন্ত ব্যবসা-বান্ধব। যেকোনো প্রয়োজনে আপনারা আমাকে পাশে পাবেন। আপনাদের সুযোগ তৈরি করতে এবং দেশের প্রযুক্তিগত উন্নয়ন ত্বরান্বিত করতে আমরা প্রয়োজনীয় সবকিছুই করব।

## এসডিজি জাতীয় প্রচার অনুষ্ঠানে

খালেদা জিয়ার গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

তিনি বলেন, সেই ধারাবাহিকতায় বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান সমতাভিত্তিক সুশাসন প্রতিষ্ঠা এবং কার্যকর ও শক্তিশালী নেতৃত্ব নিশ্চিত করতে যুগোপযোগী ও দূরদর্শী পদক্ষেপ গ্রহণ করে চলেছেন, যা জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নের উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

সাক্ষাৎকালে এসডিজি বাস্তবায়নে বাংলাদেশ ও ইউএনওপিএস-এর চলমান সহযোগিতা আরও জোরদার করার বিষয়েও উভয় পক্ষ মতবিনিময় করেন।

## রাষ্ট্রপতি নির্বাচন: তফসিল

নামের তালিকা ইসিতে পাঠালে ভোটার তালিকা করবে ইসি।

পরে নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে।

## সরকারি দাপ্তরিক পত্রে

হিসেবে ২০২৭ সালের ২৫ মে পর্যন্ত সব দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'র নির্ধারিত লোগো ব্যবহারের জন্য সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় অনুরোধ জানিয়েছে।

এমতাবস্থায় স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর, দপ্তর/পরিদপ্তর, সংস্থা ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে ২৫ মে ২০২৭ পর্যন্ত সব দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'র নির্ধারিত লোগো যথাযথভাবে ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

## প্রধানমন্ত্রীর চীন সফরে দুই

প্রধানমন্ত্রীর উপদেষ্টা।


রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেন, অভিন্ন ভবিষ্যতের বাংলাদেশ-চীন কমিউনিটি গঠনের ঘোষণা শুধু একটি কূটনৈতিক অর্জন নয়, এটি পারস্পরিক আস্থা, গভীর সহযোগিতা ও যৌথ সমৃদ্ধির ভিত্তিতে ভবিষ্যৎ নির্মাণের একটি অঙ্গীকার।

তিনি বলেন, জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বাংলাদেশ একটি স্বাধীন, ভারসাম্যপূর্ণ ও বাস্তববাদী পররাষ্ট্রনীতি অনুসরণ করছে।

পাশাপাশি প্রতিবেশী কূটনীতি, দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা এবং সব উন্নয়ন অংশীদারের সঙ্গে গঠনমূলক সম্পর্ক জোরদারে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা জানান, প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের মধ্য দিয়ে দুই দেশের মধ্যে কৌশলগত সহযোগিতার নতুন ক্ষেত্র তৈরি হয়েছে।

সম্পাদক ও প্রকাশক : কাজী জহিরুল ইসলাম (বাবুল) , নির্বাহী সম্পাদক : কাজী জাহিদুল ইসলাম (প্রিন্স), সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : পল্টন চায়না টাউন, স্যুট ৯/৮, লেভেল-৯, পশ্চিম ভবন (৯ম তলা) ৬৮ নয়া পল্টন, ঢাকা-১০০০।
প্রিন্স মিডিয়া লি: কর্তৃক প্রকাশিত এবং শরীয়তপুর প্রিন্টিং প্রেস ২৮/১বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে মুদ্রিত। মোবাইল-০১৭১৬-৩৬৬০৬১,০২-২২২২২২৫৯৭৩ ফ্যাক্স: ০২-৪৮৩১৮১৬২ E-mail : dailyneighbour@gmail.com. www.dailyneighbour.com



## চীনে পর্যটনকেন্দ্রে আকস্মিক বন্যায় অন্তত ১০ নিহত

এফএনএস বিদেশ: চীনের উত্তর-পশ্চিমাঞ্চলীয় গানসু প্রদেশে ভারী বর্ষণে একটি দৃষ্টিনন্দন পর্যটনকেন্দ্রে আকস্মিক বন্যা দেখা দিয়েছে। এতে গতকাল রোবব-ার স্থানীয় সময় সন্ধ্যা ৬টা পর্যন্ত অন্তত ১০ জন নিহত ও ২৩ জন আহত হয়েছেন। চীনের রাষ্ট্রায়ত্ত বার্তা সংস্থা সিনহুয়ার বরাত দিয়ে এএফপির এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, গানসুর জনপ্রিয় ওই পর্যটন কেন্দ্র এলাকায় ভারী বৃষ্টিপাতের কারণে আকস্মিক বন্যা সৃষ্টি হয়েছে। বন্যায় সেখানে ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করছে স্থানীয় কর্তৃপক্ষ। সিনহুয়ার প্রতিবেদনে বলা হয়েছে, প্রদেশের ডিংশি শহরের ওয়েইয়ুয়ান কাউন্টির ওই দর্শনীয় স্থানে কিছু পর্যটক তাঁবু খাটিয়ে ক্যাম্পিং করছিলেন। হঠাৎ কোনও পূর্বাভাস ছাড়াই পাহাড়ি ঢলের তোড়ে পুরো এলাকা প্লাবিত হলে পর্যটকরা সেখানে আটকা পড়েন এবং মুহূর্তের মধ্যেই অনেকে পানির তীব্র স্রোতে ভেসে যান। গতকাল রোববার স্থানীয় সময় সন্ধ্যা ৬টা পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী, উদ্ধারকর্মীরা ১০ জনের মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়েছেন। আহত অবস্থায় অন্তত ২৩ জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে, যাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। দুর্ঘটনার পর পরই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে স্থানীয় প্রশাসন, জননিরাপত্তা বাহিনী এবং ফায়ার অ্যান্ড রেসকিউ ডিপার্টমেন্টের একাধিক দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। আটকে পড়া পর্যটকদের নিরাপদে সরিয়ে নিতে এবং নিখোঁজদের খোঁজে জঙ্গল ও নদীসংলগ্ন এলাকায় উদ্ধার অভিযান শুরু হয়েছে। প্রশাসন বলেছে, ওই এলাকায় এখনও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে, যার

# ইরানে হামলা স্থগিত করতে বাধ্য হলেন ট্রাম্প

**১৩ দিন পর**

**পেন্টাগন সম্প্রতি ১ হাজার ২০০টিরও বেশি প্যাট্রিয়ট ইন্টারসেপ্টর মিসাইল ব্যবহার করে ফেলেছে। ফলে ইরানের বিরুদ্ধে বড় ধরনের সংঘাত শুরু হওয়ার আগেই তাদের কাছে থাকা মজুদ বেশ চাপের মধ্যে পড়েছে।**

আন্তর্জাতিক ডেস্ক:

টানা ১৩ দিন ধরে ইরানে হামলা চালানোর পর তা হঠাৎ স্থগিত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কূটনীতিক তৎপরতার গতি বৃদ্ধি, মার্কিন ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা মজুদে টান পড়া এবং সংঘাত ব্যাপক রূপ নেওয়ার আশঙ্কায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে মার্কিন বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। গত শুক্রবার নেওয়া এই সিদ্ধান্তটি গত দুই সপ্তাহের মধ্যে মার্কিন হামলার ক্ষেত্রে প্রথম বিরতি হিসেবে চিহ্নিত হচ্ছে। অ্যাক্সিওস-এর প্রতিবেদন অনুযায়ী, ট্রাম্পের কাছে হামলার নতুন একটি পরিকল্পনা পেশ করা হলেও তিনি সামরিক বাহিনীকে নতুন করে কোনও হামলা না চালানোর নির্দেশনা দিয়েছেন। এর মাধ্যমে মার্কিন প্রশাসন আলোচনা ও চুক্তির দিকে এগোনোর সংকেত দিলেও, প্রয়োজন অনুযায়ী পুনরায় সামরিক অভিযান শুরু করতে যুক্তরাষ্ট্র প্রস্তুত রয়েছে বলে জানানো হয়েছে। এই সিদ্ধান্তের বিষয়ে হোয়াইট হাউস থেকে এখনও কোনও আনুষ্ঠানিক মন্তব্য করা হয়নি। তবে হোয়াইট হাউসের যোগাযোগবিষয়ক পরিচালক স্টিভেন চিউং জানান, ট্রাম্প সব সময়ই কূটনৈতিক সমাধানকে প্রাধান্য দেন। তবে ইরান যদি হরমুজ প্রণালি বা যুক্তরাষ্ট্রের মিত্রদের ওপর হামলা চালিয়ে যায়, তবে সব ধরনের সামরিক পদক্ষেপের পথ উন্মুক্ত থাকবে। অ্যাক্সিওস-এর বরাতে জানা গেছে, বড় ধরনের কোনও যুদ্ধ শুরু করা ছাড়া সামরিক পদক্ষেপে প্রত্যাশিত সাফল্য অর্জনের শেষ সীমায় পৌঁছে গেছেন বলে ট্রাম্প সিদ্ধান্ত নেন। সূত্রগুলো জানিয়েছে, প্রেসিডেন্টের উদ্দেশ্য হলো কূটনীতির জন্য কিছুটা সুযোগ তৈরি করা, যাতে করে আলোচনা ব্যর্থ হলে অল্প নোটিশেই ফের হামলা শুরু করার পথ খোলা থাকে। গত শুক্রবার সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র এখনও সম্পূর্ণ প্রস্তুত রয়েছে, তবে তিনি মনে করেন যে ইরানের সঙ্গে চুক্তির দিকে এগোনোই হবে 'আরও বুদ্ধিমানের কৌশল'। তিনি বলেন, আমরা এখন তাদের সঙ্গে কথা বলছি। দিন যত যাচ্ছে, আমার মনে হয় তারা বিষয়টিকে আরও গুরুত্বের সঙ্গে নিচ্ছে। পরবর্তীতে হোয়াইট হাউস করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশনের নৈশভোজে বক্তৃতা দেওয়ার সময় ট্রাম্প বলেন, তিনি মনে করেন না ইরান এখনই কোনও চুক্তি করার জন্য প্রস্তুত, তবে তিনি আলোচনার জন্য ইচ্ছুক রয়েছেন। হামলা স্থগিত করার নেপথ্যে আরেকটি বড় কারণ হলো মার্কিন ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার মজুদ ফুরিয়ে যাওয়া নিয়ে পেন্টাগনের মধ্যকার ক্রমবর্ধমান উদ্বেগ। দ্য নিউ ইয়র্ক টাইমস-এর প্রতিবেদন অনুযায়ী, ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তারা ট্রাম্পকে সতর্ক করে বলেছেন, হামলা আরও বিস্তৃত করা হলে মধ্যপ্রাচ্যে মোতায়েন করা প্যাট্রিয়ট ইন্টারসেপ্টর মিসাইল এবং অন্যান্য আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা মারাত্মকভাবে নিঃশেষ হয়ে যেতে পারে। এতে করে মার্কিন সেনা, মিত্রদেশ এবং সামরিক ঘাটিগুলো ইরানের প্রতিশোধমূলক হামলার ঝুঁকিতে পড়তে পারে। প্রতিবেদনে বলা হয়েছে, মার্কিন জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন প্রেসিডেন্ট ট্রাম্পকে জানিয়েছেন যে সামরিক বাহিনী আরও বড় আক্রমণ চালাতে সক্ষম হলেও, সেটি ইউএস সেন্ট্রাল কমান্ডের আওতাধীন ইন্টারসেপ্টর মিসাইলের মজুদে বড় ধরনের চাপ সৃষ্টি করবে। পত্রিকাটি আরও প্রকাশ করেছে যে, পেন্টাগন সম্প্রতি ১ হাজার ২০০টিরও বেশি প্যাট্রিয়ট ইন্টারসেপ্টর মিসাইল ব্যবহার করে ফেলেছে। ফলে ইরানের বিরুদ্ধে বড় ধরনের সংঘাত শুরু হওয়ার আগেই তাদের কাছে থাকা মজুদ বেশ চাপের মধ্যে পড়েছে। সিএনএন জানিয়েছে, গত শুক্রবার হোয়াইট হাউসে আয়োজিত এক বৈঠকে ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এবং জেনারেল ড্যান কেইন উভয়েই ইরান যুদ্ধ বৃদ্ধি করার বিষয়ে নিজেদের দুশ্চিন্তার কথা জানান। বৈঠক সম্পর্কে অবহিত মার্কিন কর্মকর্তা ও সূত্রের বরাতে সিএনএন জানিয়েছে, জেনারেল কেইন কেবল ফুরিয়ে আসা অস্ত্রের মজুদ নিয়েই ট্রাম্পকে সতর্ক করেননি, বরং যুদ্ধ বিস্তৃত হওয়ার সার্বিক পরিণতির বিষয়েও সতর্ক করেন। পেন্টাগনের একটি সূত্র সিএনএন-কে জানিয়েছে, ইরানের বিরুদ্ধে সামরিক অভিযানগুলো বর্তমানে 'স্থগিত' রয়েছে। তবে এই বিরতি সাময়িক, নাকি মার্কিন রণকৌশলে বড় কোনও পরিবর্তনের সূচনা তা এখনও স্পষ্ট নয়। সিএনএন আরও জানায়, ট্রাম্পের ঘনিষ্ঠমহলের কয়েকজন সদস্য প্রশ্ন তুলেছিলেন যে, একটি বড় আকারের আঞ্চলিক যুদ্ধের ঝুঁকি না বাড়িয়ে অতিরিক্তি আরও হামলা চালিয়ে প্রশাসনের উদ্দেশ্য অর্জন করা সম্ভব কি না। হামলা স্থগিতের এই ঘটনাটি নতুন করে কূটনৈতিক তৎপরতা শুরু হওয়ার সঙ্গেই মিলে গেছে। অ্যাক্সিওস-এর তথ্য অনুযায়ী, বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ খনিজ তেল পরিবহন পথ হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার সম্ভাব্য ব্যবস্থা নিয়ে আলোচনার জন্য ওমানের একটি প্রতিনিধি দল তেহরানে পৌঁছানোর কয়েক ঘণ্টা পরই ট্রাম্প এই সিদ্ধান্ত নেন। আলোচনার সঙ্গে যুক্ত আঞ্চলিক সূত্রগুলো অ্যাক্সিওসকে জানিয়েছে, আলোচনা বেশ ইতিবাচকভাবে এগিয়েছে এবং ওমান ও ইরানের মধ্যে দ্রুতই একটি চুক্তি হতে পারে। তবে যেকোনও প্রস্তাব কার্যকর করার আগে চূড়ান্তভাবে ট্রাম্পের অনুমোদনের প্রয়োজন হবে। এদিকে, সিএনএন জানিয়েছে যে পারস্য উপসাগরীয় দেশগুলো কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রাখার পাশাপাশি ওয়াশিংটনকে সংযম প্রদর্শনের আহ্বান জানিয়েছে। হামলা স্থগিত করলেও সামরিক পদক্ষেপ নেওয়ার সুযোগ এখনো বজায় রেখেছেন ট্রাম্প। হোয়াইট হাউসের যোগাযোগবিষয়ক পরিচালক স্টিভেন চিউং বলেছেন, মার্কিন প্রেসিডেন্ট সব সময়ই কূটনৈতিক সমাধান পছন্দ করেন, তবে ইরান যদি হরমুজ প্রণালিতে বা যুক্তরাষ্ট্রের মিত্রদের ওপর হামলা অব্যাহত রাখে তবে তিনি সব বিকল্প খোলা রেখেছেন। চিউং আরও দাবি করেন, টানা অর্থনৈতিক নিষেধাজ্ঞা এবং প্রায় দুই সপ্তাহের সামরিক হামলা তেহরানকে আলোচনায় বসতে বাধ্য করার চাপ বাড়িয়েছে। অ্যাক্সিওসের মতে, কূটনীতি ব্যর্থ হলে পুনরায় বা বিস্তৃত সামরিক অভিযান পরিচালনার জন্য পেন্টাগন তাদের জরুরি পরিকল্পনা প্রস্তুত রাখছে,



যুক্তরাষ্ট্র এখনও সম্পূর্ণ প্রস্তুত রয়েছে, তবে তিনি মনে করেন যে ইরানের সঙ্গে চুক্তির দিকে এগোনোই হবে 'আরও বুদ্ধিমানের কৌশল'। তিনি বলেন, আমরা এখন তাদের সঙ্গে কথা বলছি। দিন যত যাচ্ছে, আমার মনে হয় তারা বিষয়টিকে আরও গুরুত্বের সঙ্গে নিচ্ছে।

## গুরুত্বপূর্ণ রাজ্য নির্বাচনের আগে মোদির ভাবমূর্তিতে চিড় ধরাচ্ছে জেন-জিরা

আন্তর্জাতিক ডেস্ক:

পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে ভারতে শিক্ষার্থী ও তরুণেরা ককরোচ জনতা পার্টির (সিজেপি) নেতৃত্বে আন্দোলন শুরু করেছিলেন। ওই আন্দোলন শুরুর প্রায় পাঁচ সপ্তাহ পর দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একটি বিরল সেলফি ভিডিও পোস্ট করেন। পোস্টে ৭৫ বছর বয়সী এই প্রধানমন্ত্রী আন্দোলনকারীদের দুর্ভোগ দেখে কষ্ট পাচ্ছেন জানিয়ে পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপ নেওয়ার প্রতিশ্রুতি দেন। কিন্তু



**সিজেপি কোনো রাজনৈতিক দল নয়, তবু বিরোধী দলগুলো মোদিবিরোধী এ বিক্ষোভকে তাদের সামনে বিরল রাজনৈতিক সুযোগ হিসেবে দেখেছে এবং তা কাজে লাগানোর চেষ্টা করেছে।**

গত বৃহস্পতিবার গভীর রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে প্রকাশিত ওই ভিডিও আন্দোলনকারীদের সন্তুষ্ট করতে পারেনি। সিজেপি কোনো রাজনৈতিক দল নয়, তবু বিরোধী দলগুলো মোদিবিরোধী এ বিক্ষোভকে তাদের সামনে বিরল রাজনৈতিক সুযোগ হিসেবে দেখেছে এবং তা কাজে লাগানোর চেষ্টা করেছে। শিক্ষার্থীদের দাবির পাশে দাঁড়িয়ে তারা এ আন্দোলনকে নিজেদের পক্ষে কাজে লাগাতে চেয়েছে। ইনস্টাগ্রামেই গত মে মাসে জন্ম হয় ককরোচ জনতা পার্টির (সিজেপি)। মাত্র কয়েক দিনের মধ্যেই অনলাইনে দলটির অনুসারী সংখ্যা ২ কোটি ২০ লাখ ছাড়িয়ে যায়। অনুসারীদের বেশির ভাগই বয়সে তরুণ, যারা জেনুজি প্রজন্ম নামে পরিচিত। মেডিকেল ভর্তি পরীক্ষা 'ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট (নিট-ইউজি)'এর প্রশ্নপ্রত্র ফাঁস এবং পরীক্ষা বাতিলের প্রতিবাদে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে জুন মাস থেকে ভারতের রাজধানী নয়াদিল্লির যন্তর মন্তরে সিজেপির নেতৃত্বে শিক্ষার্থীদের আন্দোলন শুরু হয়। ২০ জুলাই শিক্ষার্থীরা যন্তর মন্তর থেকে 'সংসদ চলো' যাত্রা শুরু করলে পুলিশ তাদের বাধা দেয়, পরিস্থিতি সহিংস রূপ নেয়। পুলিশ বিক্ষোভকারীদের লাঠিপেটা করে এবং টিয়ার গ্যাসের শেল ছোড়ে। বেশ কয়েকজন বিক্ষোভকারীকে গ্রেপ্তারও করা হয়। সেদিনের ওই সহিংসতা ও পুলিশি দমন-পীড়নের পর আন্দোলন আরও বেগবান হয়। সারা দেশ থেকে লোকজন, বিশেষ করে তরুণ শিক্ষার্থীরা বিক্ষোভে অংশ নিতে দিল্লিতে আসেন। বিহার, পশ্চিমবঙ্গসহ কয়েকটি রাজ্যে বিক্ষোভ ছড়িয়ে পড়ে। আন্দোলনের মুখে অবশেষে গতকাল শনিবার শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র পদত্যাগ করেন। এর মধ্য দিয়ে আন্দোলনকারীদের প্রধান দাবি পূরণ হয়, যা প্রধানমন্ত্রী মোদির জন্য একটি বিরল রাজনৈতিক ধাক্কা হিসেবেও দেখা হচ্ছে। ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগ সিজেপির স্পষ্ট জয় হিসেবে দেখা হচ্ছে। সিজেপির তরুণ সমর্থকেরা র‍্যাপ সংগীত, প্ল্যাকার্ড ও দেয়াললিখনের মাধ্যমে প্রকাশ্যেই মোদিকে নিয়ে ব্যঙ্গ-বিদ্রুপ করেছেন। কয়েক সপ্তাহ আগেও এমন ঘটনা প্রায় অকল্পনীয় ছিল।



জোহানেসবার্গের দক্ষিণে অবস্থিত থেমবেলিহলের একটি বস্তিতে মালাউইবাসীরা বছরের পর বছর ধরে কোনো সমস্যা ছাড়াই দক্ষিণ আফ্রিকানদের পাশাপাশি বসবাস করে আসছিল। কিন্তু গত কয়েক সপ্তাহে, ধারাবাহিক সশস্ত্র ডাকাতির ঘটনা এই জনপদকে নাড়িয়ে দিয়েছে।

# পিটিয়ে বের করে দেওয়া হচ্ছে অভিবাসীদের

**দ|ক্ষি|ণ|আ|ফ্রি|কা**

**বেশ কয়েকজন লোক ইব্রাহিম হুসেনের বাড়িতে ঢুকে পড়ে। ইব্রাহিম হুসেন একজন ৬০ বছর বয়সী মালাউইবাসী, যিনি ২০০০ সাল থেকে দক্ষিণ আফ্রিকায় বসবাস করছেন।**

আন্তর্জাতিক ডেস্ক:

জোহানেসবার্গের দক্ষিণে অবস্থিত থেমবেলিহলের একটি বস্তিতে মালাউইবাসীরা বছরের পর বছর ধরে কোনো সমস্যা ছাড়াই দক্ষিণ আফ্রিকানদের পাশাপাশি বসবাস করে আসছিল। কিন্তু গত কয়েক সপ্তাহে, ধারাবাহিক সশস্ত্র ডাকাতির ঘটনা এই জনপদকে নাড়িয়ে দিয়েছে। ২৯শে জুন, বেশ কয়েকজন লোক ইব্রাহিম হুসেনের বাড়িতে ঢুকে পড়ে। ইব্রাহিম হুসেন একজন ৬০ বছর বয়সী মালাউইবাসী, যিনি ২০০০ সাল থেকে দক্ষিণ আফ্রিকায় বসবাস করছেন। তারা তাকে মারধর করে এবং মূল্যবান জিনিসপত্র চুরি করে। ১৬ জুলাই রাতে, একটি দল থেমবেলিহলে অন্তত চার মালাউইবাসীর বাড়িতে ডাকাতি করে। পাঁচজন লোক আতঙ্কিত মালাউইবাসীদের জুলু ভাষায় বাড়ি ফিরে যেতে বলে। মার্চ মাস থেকে, অবৈধ অভিবাসনের বিরুদ্ধে প্রায়শই সহিংস বিক্ষোভে দক্ষিণ আফ্রিকা উত্তাল হয়ে উঠেছে। বার্তা সংস্থা এএফপি-এর দেওয়া সরকারি পরিসংখ্যান অনুযায়ী, মোজাম্বিক, নাইজেরিয়া এবং জিম্বাবুয়েসহ বিভিন্ন দেশের ১ লাখ ৬০ হাজারেরও বেশি মানুষ দক্ষিণ আফ্রিকা ছেড়েছেন। এদের মধ্যে অন্তত ৫৪ হাজার জনকে ফেরত পাঠানো হয়েছে। সহিংস ঘটনায় অন্তত চারজন নিহত হয়েছেন। দক্ষিণ আফ্রিকা প্রজন্ম ধরে শ্রমিক আমদানি করে আসছে। তবে ১৯৯৪ সালে নেলসন ম্যান্ডেলা প্রথম কৃষ্ণাঙ্গ এবং গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রেসিডেন্ট হওয়ার পর আফ্রিকাজুড়ে থাকা মানুষদের স্বাগত জানালে অভিবাসন বৃদ্ধি পায়। কিছু প্রতিবেশী দেশে দারিদ্র্য এবং রাজনৈতিক দমনপীড়নও বহু মানুষকে দক্ষিণে যেতে বাধ্য করেছে। আদমশুমারি অনুসারে, ১৯৯৬ থেকে ২০২২ সালের মধ্যে দক্ষিণ আফ্রিকায় অভিবাসীদের সন্তান প্রায় তিনগুণ বেড়ে ২৪ লাখে দাঁড়িয়েছে। এই আদমশুমারিতে নথিপত্রহীন ব্যক্তিদেরও অন্তর্ভুক্ত করার লক্ষ্য ছিল। এটি দেশটির ৬ কোটি ২ড় লাখ জনসংখ্যার ৩ দশমিক ৯ শতাংশ, যা ১৯৯৬ সালের ২ শতাংশ থেকে বৃদ্ধি পেয়েছে। দক্ষিণ আফ্রিকার সরকার জানিয়েছে, তারা অভিবাসন সংক্রান্ত তথ্যের মানোন্নয়নের জন্য কাজ করছে। দক্ষিণ আফ্রিকার উচ্চ বেকারত্ব ও বৈষম্য নিয়ে হতাশা বাড়ার সাথে সাথে অন্যান্য আফ্রিকানদের বলির পাঁঠা বানানোর প্রবণতাও বেড়েছে। এই উত্তেজনা পর্যায়ক্রমে প্রায়শই প্রাণঘাতী সহিংসতায় রূপ নিয়েছে। অভিবাসন নিয়ে চলমান প্রতিবাদের ঢেউ ৩০ জুন শীর্ষে পৌঁছেছিল। এটি ছিল অবৈধ অভিবাসীদের দেশ ছাড়ার জন্য প্রচারণাকারী গোষ্ঠীগুলোর দেওয়া একটি অনানুষ্ঠানিক সময়সীমা।

## স্পেনে নতুন করে ছড়িয়ে পড়েছে দাবানল

আন্তর্জাতিক ডেস্ক:

স্পেনের পূর্ব উপকূলীয় শহর ভ্যালেন্সিয়ার কাছে নতুন করে ছড়িয়ে পড়া দাবানল নিয়ন্ত্রণে গতকাল রোববার প্রাণপণ চেষ্টা চালাচ্ছেন দমকলকর্মীরা। পরিস্থিতির অবনতি হওয়ায় অন্তত ১৫ হাজার মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। স্পেন ইতিমধ্যেই রাজধানী মাদ্রিদের পশ্চিমে অবস্থিত গ্রামগুলো থেকে হাজার হাজার মানুষকে সরিয়ে নিয়েছে। তীব্র তাপপ্রবাহ, দীর্ঘদিনের খরা ও প্রবল বাতাসের কারণে দাবানল দ্রুত ছড়িয়ে পড়ছে। দেশটির পূর্বাঞ্চলের ভ্যালেন্সিয়া অঞ্চলে আগুন নিয়ন্ত্রণে আনতে হিমশিম খাচ্ছে স্থানীয় কর্তৃপক্ষ। ভ্যালেন্সিয়া অঞ্চলের প্রেসিডেন্ট হুয়ানফ্রান পেরেজ ইয়োরকা গত শনিবার রাতে সাংবাদিকদের বলেন, 'এই দাবানল আমাদের নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। আগুন প্রায় ২১ কিলোমিটার (১৩ মাইল) এলাকাজুড়ে ছড়িয়ে পড়েছে। এখন পর্যন্ত কত হেক্টর এলাকা পুড়ে গেছে, তা নির্দিষ্ট করে বলা সম্ভব হচ্ছে না।' তিনি জানান, এ পর্যন্ত প্রায় ১৫ হাজার মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। এদিকে গত শনিবার মাদ্রিদের দক্ষিণ-পশ্চিমে টলেডো অঞ্চলেও নতুন করে লোকজনকে সরিয়ে নেওয়ার নির্দেশ দেয় স্পেনের কর্তৃপক্ষ।

স্পোর্টস

## তাস বাঁটার উদ্?যাপন, হলুদ কার্ড ও শেষ মুহূর্তের গোল, ক্লাবে ফিরেই নেইমার-নাটক

খেলা ডেস্ক

ঠিক ২০ দিন পর আবারও ম্যাচের শেষ মুহূর্তে পেনাল্টি থেকে গোল করলেন নেইমার। জুলাইয়ের শুরুর দিকে নরওয়ের বিপক্ষে তাঁর গোলটি বিশ্বকাপের শেষ ষোলো থেকে ব্রাজিলের বিদায় ঠেকাতে পারেনি। তবে গতকাল রাতে সান্তোসের হয়ে শাপেকোয়েন্সের বিপক্ষে বিব্রতকর হার এড়িয়েছেন তিনি। ভিলা বেলমিরো স্টেডিয়ামে নেইমার অবশ্য একটি নয়, দুটি গোল করেছেন। তাঁর জোড়া গোলে ব্রাজিলিয়ান চ্যাম্পিয়নশিপের পয়েন্ট টেবিলের তলানিতে থাকা শাপেকোয়েন্সের সঙ্গে ২-২ গোলে ড্র করেছে সান্তোস। ফিফা বিশ্বকাপের পর এটিই ছিল সান্তোসের হয়ে নেইমারের প্রথম ম্যাচ। মাঝে 'ব্রাজিলিয়ান পোকার চ্যাম্পিয়নশিপে' তাঁর অংশগ্রহণ নিয়ে বেশ সমালোচনা হয়েছিল। নেইমার সেই সমালোচনার কথা ভুলে যাননি।





অনুশীলনে জাকের ও অমিত বিসিবি

# বাংলাদেশের দল ঘোষণা

অস্ট্রেলিয়া সিরিজ

ক্রীড়া প্রতিবেদক

গত মাসে জিম্বাবুয়ে 'এ' দলের বিপক্ষে বাংলাদেশ ইমার্জিং দলের হয়ে দুটি চার দিনের ম্যাচে তিন ইনিংস ব্যাটিংয়ের সুযোগ পেয়ে তিন ইনিংসেই করেছেন ফিফটি। এর আগে সর্বশেষ প্রথম শ্রেণির ম্যাচ খেলেছেন গত এপ্রিলে বিসিএলে। কিন্তু প্রথম ইনিংসে ৮১ ওভার ফিল্ডিং করার পর চোটে পড়ে বাকি ম্যাচটা আর খেলা হয়নি, করতে পারেননি ব্যাটিংও । যদি ৫০ ওভারের সংস্করণের কথা ধরেন, ঘরোয়া ঢাকা প্রিমিয়ার ক্রিকেট লিগে সেখানেও মোটামুটি ফর্মে ছিলেন জাকের। আবাহনীর হয়ে ছয় ম্যাচ খেলে সেঞ্চুরি করেছেন একটি।
হঠাৎ জাকের আলীর সাম্প্রতিক পারফরম্যান্সের তথ্যউপাত্ত তুলে ধরার কারণড়আসন্ন অস্ট্রেলিয়া সফরের প্রথম টেস্টের দলে সুযোগ পেয়েছেন এই উইকেটকিপার ব্যাটসম্যান। টেস্ট দলে তিনি ফিরলেন এক বছর পর, গত নভেম্বরে আয়ারল্যান্ডের বিপক্ষে একটি টিটুয়েন্টি খেলার পর থেকে দূরে ছিলেন জাতীয় দল থেকেই।
টেস্ট দলে জাকেরের প্রত্যাবর্তন ঠিক তাঁর ফর্মের জন্য নয়। চোটের কারণে ১৩ আগস্ট শুরু ডারউইনের প্রথম টেস্টে লিটন দাস খেলবেন না। মূলত তাঁর বিকল্প হিসেবেই জাকেরকে দলে নেওয়া বলে জানা গেছে বিসিবি সূত্রে। ২০২৪ সালের অক্টোবের অভিষেকের পর জাকের এখন পর্যন্ত ৬ টেস্টে ৩০.৬৩ গড়ে রান করেছেন ৩৩৭। নামের পাশে চারটি ফিফটি থাকলেও টেস্টে এখনো সেঞ্চুরির দেখা না পাওয়া জাকেরের সর্বোচ্চ ইনিংস ৯১ রানের। ২০২৪ এর নভেম্বরে ক্যারিয়ারের দ্বিতীয় সিরিজেই তাঁর ব্যাট থেকে এসেছিল সেঞ্চুরির সুবাস পাওয়া সেই ইনিংস। দলে আছেন পেসার মুশফিক হাসানও। এর আগে ২০২৩ সালে আফগানিস্তানের বিপক্ষে টেস্ট দলে ডাক পেলেও খেলা হয়নি অভিষেকের অপেক্ষায় থাকা এই পেসারের। পেসার নাহিদ রানা সিরিজ থেকে ছিটকে পড়েছেন আগেই।



### প্রথম টেস্টের দল

নাজমুল হোসেন (অধিনায়ক), সৌম্য সরকার, সাদমান ইসলাম, তানজিদ হাসান, মুমিনুল হক, মুশফিকুর রহিম, অমিত হাসান, জাকের আলী, মেহেদী হাসান মিরাজ (সহ-অধিনায়ক), তাইজুল ইসলাম, তাসকিন আহমেদ, হাসান মাহমুদ, খালেদ আহমেদ, ইবাদত হোসেন , মুশফিক হাসান

### বাদ পড়েছেন

মাহিদুল ইসলাম, মাহমুদুল হাসান, তাওহিদ হৃদয়, নাঈম হাসান ও রবিউল হক।

### দলে ফিরেছেন

সৌম্য সরকার, জাকের আলী, মেহেদী হাসান মিরাজ, তাসকিন আহমেদ ও মুশফিক হাসান।

## মেন্টর মাহমুদউল্লাহর প্রথম দিন কেমন কাটল



জাতীয় দলের প্রায় দেড় যুগের ক্যারিয়ারের ইতি টেনেছেন গত বছর। এখনও ঘরোয়া লিগে খেলছেন। এর মধ্যেই মাহমুদউল্লাহ দায়িত্ব পেয়েছেন বিসিবি হাই পারফরম্যান্স 'মেন্টর' হিসেবে। আজ মিরপুরে প্রথমবারের মতো তাঁকে দেখা গেল আনুষ্ঠানিক অনুশীলনেও।

# রোনালদো চলে গেলে মাঠের চেয়ে মাঠের বাইরেই ক্ষতি বেশি পর্তুগালের

খেলা ডেস্ক

বিশ্বকাপ শেষ হয়ে গেছে সপ্তাহখানেক হতে চলল। শেষ ষোলোতে স্পেনের কাছে পর্তুগালের ১-০ গোলে হারের পর তো কেটে গেছে বেশ কিছুদিনই। কিন্তু পর্তুগিজদের বুকের ভেতর জমে থাকা ভারটা এখনো কমেনি। বিশ্বকাপে ক্রিস্টিয়ানো রোনালদোর শেষ দেখে ফেলেছেন যে তাঁরা!
২৩৩ আন্তর্জাতিক ম্যাচ। ১৪৬ গোল। এই দুটি সংখ্যা দিয়ে কি ২০ বছরের একটা মহাকাব্যকে মাপা যায়? ক্রিস্টিয়ানো রোনালদো নিজেই ঘোষণা দিয়েছিলেন, ২০২৬ বিশ্বকাপই ছিল তাঁর শেষ বিশ্বকাপ। শেষ বাঁশি বাজার পর মাঠ ছেড়ে তিনি যখন হেঁটে বেরিয়ে যাচ্ছিলেন, সেটা শুধু একজন ফুটবলারের প্রস্থান ছিল না। মনে হচ্ছিল, মেঘের ছায়া নেমে এসেছে পর্তুগিজ ফুটবলের আকাশে।
তবে পর্তুগালের ফুটবলে আসল ঝড়টা অবশ্য মাঠে বইছে না। তোলপাড়টা শুরু হয়েছে পর্তুগালের ফুটবল অর্থনীতির অন্দরে। প্রশ্ন উঠছে, পর্তুগাল ফুটবল কি এত দিন ধরে আসলে একটা দেশ ছিল, নাকি কেবলই একটা মানুষের নাম?
পর্তুগিজ ইনস্টিটিউট অব মার্কেটিং অ্যাডমিনিস্ট্রেশনের নির্বাহী পরিচালক দানিয়েল সা এক সাক্ষাৎকারে রূঢ় সত্যটাই বলে দিয়েছেন বিশ্ব ফুটবলের সামনে, 'ব্র্যান্ডের দৃষ্টিকোণ থেকে বললে কথাটা কঠোর শোনাবে, কিন্তু রোনালদো একা পর্তুগাল জাতীয় দল এবং আরও অগণিত দেশের সম তিনি কোনো ট্রফি বা গোলের হিসাব দিচ্ছিলেন না। বলছিলেন সেই এক মাধ্যাকর্ষণ শক্তির কথা, যা দিয়ে এশিয়ার প্রত্যন্ত অঞ্চল থেকে শুরু করে লাতিন আমেরিকা বা মধ্যপ্রাচ্যের কোটি কোটি মানুষকে টিভি পর্দার সামনে সেঁটে রাখা যেত। টিভির ব্রডকাস্টাররা যখন পর্তুগালের ম্যাচের সূচি সাজায়, তারা কিন্তু ব্রুনো ফার্নান্দেজ বা রাফায়েল লিয়াওয়ের ছবি দেখিয়ে সম্প্রচার বিক্রি করে না। তারা বিক্রি করে সোশ্যাল মিডিয়ায় ১০০ কোটি অনুসারী থাকা এক মহামানবকে। যাঁর ইউটিউব চ্যানেল 'ইউআর ক্রিস্টিয়ানো' চালু হওয়ার মাত্র ৯০ মিনিটেই ১০



দানিয়েল সার ভাষায়, 'তিনিই সেই একক সত্তা, যাঁর নাম ভাঙিয়ে ২০ বছর ধরে ফেডারেশন পর্বতপ্রমাণ চুক্তি আর কোটি কোটি ডলার পকেটে পুরেছে।'

লাখ সাবস্ক্রাইবার পেরিয়ে গিয়েছিল! দুই দশক ধরে পর্তুগিজ ফুটবল ফেডারেশনের (এফপিএফ) প্রতিটি স্পনসরশিপ, প্রতিটি বাণিজ্যিক চুক্তি আর মিডিয়া স্বত্বের নথিতে অদৃশ্য পাতায় একটা না-লেখা সই থাকত। দানিয়েল সার ভাষায়, 'তিনিই সেই একক সত্তা, যাঁর নাম ভাঙিয়ে ২০ বছর ধরে ফেডারেশন পর্বতপ্রমাণ চুক্তি আর কোটি কোটি ডলার পকেটে পুরেছে।' দানিয়েল সা একটা ভয়াবহ রূপকও ব্যবহার করেছেনড়দ্রুতগামী এস্কেলেটর থেকে নিচে পড়ে যাওয়া।' তাঁর কথায়, 'ক্রিস্টিয়ানো চলে গেলে কী পরিমাণ আন্তর্জাতিক আলো আর বিশ্বজোড়া মনোযোগ মুহূর্তের মধ্যে হারিয়ে যাবে, সেটা মানুষ এখনো ধারণাই করতে পারছে না। এটা কোনো ধীরগতির পতন নয়, এটা হবে দ্রুতবেগে নিচে নেমে আসার মতো।' ক্রিস্টিয়ানো রোনালদো আধুনিক ফুটবলের প্রথম বিলিয়নিয়ার। ফোর্বসের হিসাবে, তাঁর বর্তমান সম্পদ প্রায় ১২০ কোটি ডলার। ক্যারিয়ারে আয় ছুঁয়েছে ২০০ কোটি ডলারের মাইলফলক। নাইকির সঙ্গে তাঁর আজীবনের চুক্তিই প্রায় ১০০ কোটি ডলারের। আল নাসরের চুক্তি আর বাণিজ্যিক বিজ্ঞাপন মিলিয়ে বছরে যা আয় করেন, তা অনেক দেশের ফুটবল বাজেটের চেয়েও বড়। কিন্তু প্রশ্নটা রোনালদোর সম্পদ নিয়ে নয়। প্রশ্ন হলো, তাঁর এই ভাবমূর্তি যেভাবে পর্তুগাল ফুটবলকে টেনে তুলে রেখেছিল,

## বিশ্বকাপ ফাইনালের আগে সতীর্থদের বিশেষ উপহার দেন মেসি

খেলা ডেস্ক

বিশ্বকাপ ফাইনালের কয়েক দিন আগে আর্জেন্টিনা দলের সব খেলোয়াড়কে বিশেষ উপহার দিয়েছিলেন লিওনেল মেসি। আর্জেন্টাইন অধিনায়কের দেওয়া সেই বিশেষ উপহার সামনে নিয়ে এসেছেন দলটির ডিফেন্ডার মার্কোস সেনেসির প্রেমিকা কেলসি-রোজ বাওয়ার্স।
সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করা এক ভিডিওতে সেই পারসোনালাইজড মাতে সেটটি (মাতে নামের বিশেষ ভেষজ পানীয় পান করার জন্য ব্যবহৃত পাত্র ও আনুষঙ্গিক সামগ্রী) দেখান বাওয়ার্স।
আর্জেন্টিনার জার্সি গায়ে ভিডিওতে বাওয়ার্স একটি বাদামি রঙের ব্যাগ দেখান। ব্যাগটিতে ছিল আর্জেন্টাইন ফুটবল অ্যাসোসিয়েশনের (এএফএ) লোগো, বিশ্বকাপ ট্রফির ছবি এবং সামনে বড় করে লেখা 'মার্কোস সেনেসি'। ভিডিওর শুরুতে বাওয়ার্স বলেন, 'তোমাদের দারুণ একটা জিনিস দেখাতে চাই। এটা মার্কোসের টুর্নামেন্ট থেকে পাওয়া একটি পারসোনালাইজড ব্যাগ। দেখো, এতে ওর নামও লেখা আছে।' এরপর তিনি উপহারটির কথা ব্যাখ্যা করে বলেন, 'এটি ওর মাতে পানের সেট। মেসি দলের সব খেলোয়াড়কে এটি উপহার দিয়েছেন।' ব্যাগের ভেতরে ছিল সোনালি রঙের একটি স্ট্যানলি থার্মোস, যাতে আর্জেন্টিনা অধিনায়ক মেসির ব্র্যান্ডের লোগো ছিল। এ ছাড়া ছিল একটি মাতে পাত্র, এক প্যাকেট ইয়েরবা মাতে (মাতে তৈরির ভেষজ পাতা) এবং একটি ধাতব স্ট্র বা বোম্বিয়া, যার নিচে ছাঁকনি ও চামচের মতো অংশ যুক্ত থাকে। বাওয়ার্স এরপর উপহারের সেটটি তাঁর কাছে থাকার কারণও ব্যাখ্যা করেন, 'মার্কোস এটি নিরাপদে রেখে মায়ামিতে ফিরিয়ে নেওয়ার জন্য আমার কাছে দিয়েছিল।' এরপর তিনি উপহারের সঙ্গে থাকা ইয়েরবা মাতের প্যাকেটটিও দেখান।

# সাফে এবার ২৩ বছরের খরা কাটাতে চান ডুলি



ক্রীড়া প্রতিবেদক ঢাকা

সাফ নিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন টমাস ডুলি। সঙ্গে ছিলেন জাতীয় দলের ফুটবলার তপু বর্মণ ও শেখ মোরছালিন ২০০৩ সালের পর আর সাফের শিরোপা জিততে পারেনি বাংলাদেশ। দীর্ঘ ২৩ বছরের সেই খরা কাটাতে মুখিয়ে আছেন জাতীয় দলের নতুন কোচ টমাস ডুলি। ঢাকার একটি হোটেলে আজ জমকালো অনুষ্ঠানে সাফ চ্যাম্পিয়নশিপের লোগো উন্মোচিত হয়েছে। আগামী ৪-১৭ নভেম্বর বাংলাদেশে অনুষ্ঠেয় টুর্নামেন্টের টাইটেল স্পন্সর হিসেবে ঘোষণা করা হয়েছে স্মার্টফোন ব্র্যান্ড টেকনোকে। অনুষ্ঠানে অন্য অতিথিদের সঙ্গে ছিলেন বাংলাদেশ ফুটবল দলের কোচ টমাস ডুলি, জাতীয় দলের তারকা ফুটবলার তপু বর্মণ ও শেখ মোরছালিন। হাভিয়ের কাবরেরার বিদায়ের পর জাতীয় দলের দায়িত্ব নেওয়া নতুন কোচ ডুলির অধীনে এটাই বাংলাদেশের প্রথম সাফ। বলা ভালো, তাঁর জন্য বিরাট পরীক্ষাও। আর এই পরীক্ষায় উত্তীর্ণ হতে মরিয়া ডুলি অনুষ্ঠান শেষে সাংবাদিকদের বলেছেন তাঁর সাফ জয়ের স্বপ্নের কথা, 'আমি প্রতিটি ম্যাচ জিততে চাই। তা প্রতিপক্ষ জার্মানি, ব্রাজিল বা আর্জেন্টিনা হোক বা র?্যাঙ্কিংয়ে আমাদের আশেপাশের কোনো দল।' বাংলাদেশ দল যে ২৩ বছর ধরে সাফ জেতে না, সেটি জানা আছে ১৯৯৮ বিশ্বকাপে যুক্তরাষ্ট্রের অধিনায়কত্ব করা এই সাবেক ডিফেন্সিভ মিডফিল্ডারের। এবার সেই খরা দূর করার প্রত্যয় তাঁর কণ্ঠে, 'সবকিছুই সম্ভব। আমরা যদি টুর্নামেন্টটাকে গুরুত্ব সহকারে নিই, তাহলে ট্রফিটা বাড়িতে নিয়ে আসার দারুণ সম্ভাবনা রয়েছে। সাফ জয় আমাদের স্বপ্ন। আমি মনে করি, এখন সময় এসেছে স্বপ্নপূরণের।' দর্শকদের মাঠে এসে সমর্থন জোগানোর ডাকও এখনই দিয়ে রেখেছেন কোচ। অনুষ্ঠান শেষে কথা বলেছেন জাতীয় দলের তরুণ ফরোয়ার্ড শেখ মোরছালিনও। ঘরের মাঠের আসরে আশাবাদী তিনিও, 'অতিরিক্ত আত্মবিশ্বাসী না হয়ে আমরা মাঠে নিজেদের স্বাভাবিক খেলাটা খেলতে চাই। সাফে চ্যাম্পিয়ন হওয়াই আমাদের মূল লক্ষ্য। ঘরের মাঠে যেভাবেই হোক জিততে হবে; এটা আমাদের জন্য দারুণ সুযোগ।' সাফ সব সময়ই কঠিন এক পরীক্ষা বাংলাদেশের জন্য। তবে ২০০৩ সালের মতো এবারও ঘরের মাঠের সুবিধা কাজে লাগানোর ব্যাপারে আশাবাদী অভিজ্ঞ ডিফেন্ডার তপু বর্মণ, 'আমাদের দেশে খেলা হওয়ায় দর্শকেরা মাঠে থাকবে, যা আমাদের বাড়তি শক্তি জোগাবে। আমাদের প্রমাণ করতে হবে যে আমরাই সেরা এবং যোগ্য।' ডিফেন্ডার তপু গোল করার ধারাবাহিকতা ধরে রাখতে চান সাফেও, 'কোচ এরই মধ্যে বলেছেন, আমি ডিফেন্ডার, আমার কাজ গোল সেভ করা।




ঢাকার একটি হোটেলে ২০২৬ সাফ চ্যাম্পিয়নশিপের লোগো উন্মোচন করা হয় -টেকনো